গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চাটখিল, নোয়াখালী।

স্মারক নং-০৫.৪২.৭৫১০.০০০.৪৭.০১৯.১৬- তারিখঃ ০৬ মার্চ ২০১৬ খ্রিঃ

হাট-বাজার ইজারা সংশোধিত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলাধীন চাটখিল উপজেলার নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ ১৪২৩ বাংলা সনের জন্য (১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র) মেয়াদে ০১ (এক) বছরের জন্য অস্থায়ীভাবে ইজারা প্রদানের লক্ষে অত্র কার্যালয়ের স্মারক নং-০৫.৪২.৭৫১০.০০০.৪৭.০১৯.১৬-১৩২, তারিখঃ ১১/০২/২০১৬ খ্রিঃ মূলে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-০২ শাখার স্মারক নং-৪৬.০৪১.০৩০.১৯.০০.০১৯.২০১০(অংশ-১)৮৮, তারিখঃ ০১/০৩/২০১৬ মূলে প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক নিম্নবর্ণিত সংশোধিত মূল্য ও সিডিউল দাখিলের সময় পুন: নির্ধারন করা হলো। **এছাড়া ইতোপূর্বে প্রকাশিত বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।**

ক্রমিক নং	ইউনিয়নের নাম	হাট-বাজারের নাম	১৪২৩ বাংলা সনের জন্য কাঙ্খিত সরকারী মূল্য (টাকায়)	১৪২৩ বাংলা সনের জন্য কাঙ্খিত সরকারী সংশোধিত মূল্য (টাকায়)	দরপত্রর মূল্য
১.	সাহাপুর	সাহাপুর বাজার	১৩৭০০০/-	১৫০৫৬০/-	১০০০/-
২.	সাহাপুর	সোমপাড়া বাজার	১৫৫০০০/-	১৬৯৫৩০/-	১০০০/-
৩.	রামনারায়ণপুর	ছোবানপুর বাজার	৭৫০০/-	৭৯৭০/-	৫০০/-
৪.	রামনারায়ণপুর	দেওয়াঞ্জির বাজার	৫০০/-	৫০০/-	৫০০/-
৫.	পরকোট	দশঘরিয়া বাজার	৮৬০০০/-	৯৩৯৮০/-	৫০০/-
৬.	পরকোট	বাইশসিন্দুর বাজার	১৯০০০/-	২০৮২০/-	৫০০/-
৭.	বদলকোট	বদলকোট বাজার	৯৪০০০/-	১০০৭৫০/-	৫০০/-
৮.	বদলকোট	নিশ্চিন্তপুর বাজার	৪৬০০০/-	৫০৫৯০/-	৫০০/-
৯.	বদলকোট	চান্দিয়াপাড়া বাজার	৫০০/-	৫০০/-	৫০০/-
১০.	মোহাম্মদপুর	পাল্লা বাজার	২০২০০০/-	২২১৬২০/-	১২০০/-
১১.	মোহাম্মদপুর	বানসা বাজার	৮২০০০/-	৮৮৮৯০/-	৫০০/-
১২.	মোহাম্মদপুর	কালির হাট	১১৮০০/-	১২৭৬০/-	৫০০/-
১৩.	মোহাম্মদপুর	জনতা বাজার	২০২১০/-	২২২৩১/-	৫০০/-
১৪.	পাঁচগাঁও	পাঁচগাঁও কাচারী বাজার	৬৪০০০/-	৭০৩৭০/-	৫০০/-
১৫.	নোয়াখলা	কড়িহাটি বাজার	১৮৯০০০/-	২০৭৫৭০/-	১২০০/-
১৬.	নোয়াখলা	তালতলা বাজার	২৫০০০/-	২৬৭২০/-	৫০০/-
১৭.	নোয়াখলা	সোনাচাকা বাজার	৬৫১০০/-	৭১৫৪০/-	৫০০/-
১৮.	নোয়াখলা	ইয়াছিন হাজীর বাজার	৭১২০০/-	৭৮৩২০/-	৫০০/-
১৯.	খিলপাড়া	খিলপাড়া বাজার	৯১৫০০০/-	১০০০৮২০/-	২৮০০/-
২০.	খিলপাড়া	রহিমগঞ্জ বাজার	১০৩০০০/-	১১৩০১০/-	১০০০/-
২১.	খিলপাড়া	দেলিয়াই বাজার	১৩৫০০০/-	১৪৬৭৮০/-	১০০০/-

২। **সিডিউল প্রাপ্তির স্থানঃ** (ক) জেলা প্রশাসক, নোয়াখালী কার্যালয়ের স্থানীয় সরকার শাখা (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাটখিল, নোয়াখালী (গ) সহকারী কমিশনার (ভূমি), চাটখিল, নোয়াখালী (ঘ) চাটখিল থানা, চাটখিল, নোয়াখালী (৫) সোনালী ব্যাংক, চাটখিল শাখা, চাটখিল, নোয়াখালী।

৩। **সিডিউল দাখিল/জমা দেয়ার স্থানঃ** (ক) জেলা প্রশাসক, নোয়াখালী কার্যালয়ের স্থানীয় সরকার শাখা (খ) পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাটখিল, নোয়াখালী (ঘ) সহকারী কমিশনার (ভূমি), চাটখিল, নোয়াখালী।

৪। **সিডিউল ক্রয়, সিডিউল দাখিল ও খোলার সময়সূচীঃ (১ম পর্যায়ে যে সব বাজার ইজারা প্রদান সম্ভব হবেনা ২য় পর্যায়ে সে সকল বাজার এর দরপত্র বিক্রয় করা হবে, ২য় পর্যায়ে যে সব বাজার ইজারা প্রদান সম্ভব হবে না ৩য় পর্যায়ে সে সকল বাজার এর দরপত্র বিক্রয় করা হবে। এর জন্য আলাদা কোন বিজ্ঞপ্তি প্রকাশ করা হবেনা।)**

পর্যায়	দরপত্র বিক্রির তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান
১ম বার	১৫-০২-১৬ হত ২০-০৩-১৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২১-০৩-১৬ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	২১-০৩-১৬ খ্রিঃ বেলা ৪.০০ টা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাটখিল, নোয়াখালী।
২য় বার	২২-০৩-১৬ হত ২৭-০৩-১৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	২৮-০৩-১৬ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	২৮-০৩-১৬ খ্রিঃ বেলা ৪.০০ টা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাটখিল, নোয়াখালী।
৩য় বার	২৯-০৩-১৬ হত ০৪-০৪-২০১৬ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত	০৫-০৪-১৬ খ্রিঃ সকাল ৯.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত	০৫-০৪-১৬ খ্রিঃ বেলা ৪.০০ টা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাটখিল, নোয়াখালী।

শর্তাবলীঃ

১। বাংলা ১৪২৩, ১লা বৈশাখ হতে ১৪২৩ সনের ৩০শে চৈত্র ১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল, নোয়াখালী এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫%

অর্থ জামানত হিসাবে সংরৰিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করিলে বা অন্যকোন ৰতি সাধন করিলে উক্ত জামানত হইতে তা মিটানো হইবে। বৎসর সমাপন্নাতে অব্যবহৃত টাকা জমা কারীর বরাবরে প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উলেৰখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজরা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশিৰষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাটবাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উলেৰখ করিতে হইবে।

৭। সরকার অনুমদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শন ব্যবস্থা করিবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব লিজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপৰের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরৰন করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপৰ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দাখিলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। চুক্তিপত্রের কোন শর্ত লঙ্গন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। কর্তৃপৰ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ৰমতা সংরৰণ করেন।

(মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার)
উপজেলা নির্বাহী অফিসার
চাটখিল, নোয়াখালী।
ফোন-০৩২২২-৭৫০২০
E-mail-unochatkhil@gmail.com

স্মারক নং-০৫.৪২.৭৫১০.০০০.৪৭.০১৯.১৬- তারিখঃ ০৬ মার্চ 2০১৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। জেলা প্রশাসক, নোয়াখালী।
০২। পুলিশ সুপার, নোয়াখালী।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নোয়াখালী।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চাটখিল, নোয়াখালী।

অবগতি ও প্রয়াজনীয় ব্যবস্থা গ্রহণর জন্য ঃ (সংশোধিত বিজ্ঞপ্তিতে বর্ধিত মূল্য অনুযায়ী দরপত্র ফরম বিক্রয়ের অনুরোধসহ)

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।
০৫। মেয়র, চাটখিল পৌরসভা, চাটখিল, নোয়াখালী।
০৬। সহকারী কমিশনার (ভূমি), চাটখিল, নোয়াখালী।
০৭। অফিসার ইনচার্জ, চাটখিল থানা, চাটখিল, নোয়াখালী।
০৮। ম্যানেজার, সোনালী ব্যাংক, চাটখিল শাখা, চাটখিল, নোয়াখালী।
০৯-১৪। উপজেলা............................কর্মকর্তা/জনাব..ও সদস্য, উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটি, চাটখিল, নোয়াখালী।
১৫-২৩। চেয়ারম্যান,.............নং..ইউপি, চাটখিল, নোয়াখালী।
২৪। সম্পাদক, ... নোয়াখালী। আগামী ১৮/০২/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ০১ (এক) দিনের সংখ্যায় ৩ কলাম ১০ ইঞ্চি সাইজে প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
২৫-৩৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, চাটখিল পৌর/...............................ইউনিয়ন ভূমি অফিস, চাটখিল, নোয়াখালী। তাঁকে তাঁর অধিক্ষত্রের হাট/বাজার সমূহ যথাসময়ে মাইক, ঢোল-সহরতর মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩৫-৫২। জনাব...বাজার ইজারা গ্রহীতা, ১৪২২ বাংলা সন, চাটখিল, নোয়াখালী।
৫৩-৯৯। নোটিশ বোর্ড...কার্যালয়, চাটখিল, নোয়াখালী।
১০০। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
চাটখিল, নোয়াখালী।